গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.nbr.gov.bd

নথি নং: ১(৩৩)/NSW প্রকল্প/মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ/২০১৮/২৪২৮ তারিখ: ১৪/০১/২০২৫ খ্রি.

# পরিপত্র

**বিষয়: পণ্য আমদানি-রপ্তানি খালাস প্রক্রিয়ায় Bangladesh Single Window (BSW) System এ ম্যানুয়াল সার্টিফিকেট, লাইসেন্স, পারমিট (CLP) গ্রহণ না করা।**

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের আওতায় Bangladesh Single Window (BSW) System ইতোমধ্যে কার্যকর করা হয়েছে। BSW মূলত একটি অনলাইন প্লাটফর্ম, যা ব্যবহার করে একজন আমদানিকারক-রপ্তানিকারক পণ্য খালাসের জন্য প্রযোজ্য সব ধরনের সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট (CLP) এর জন্য অনলাইনে আবেদন করে স্বয়ংক্রিয়ভাবে CLP সংগ্রহ করতে পারবেন। CLP গ্রহণের পূর্বে Business Identification Number (BIN) ব্যবহার করে BSW সিস্টেমে (Website: bswnbr.gov.bd) নিবন্ধন করতে হবে। এই সিস্টেম ব্যবহারের ফলে আমদানি-রপ্তানি কার্যক্রমে যে সকল সুবিধা পাওয়া যাবে সেগুলো হলো:

- একটি কমন প্লাটফর্মে আমদানি-রপ্তানি পণ্যের জন্য প্রযোজ্য সার্টিফিকেট, লাইসেন্স এবং পারমিট সংক্রান্ত সকল কার্যক্রম সংশ্লিষ্ট সকল সংস্থা কর্তৃক যুগপৎভাবে অনলাইনে সম্পন্ন করা হবে;
- সরকারী কাজে ব্যক্তিগত যোগাযোগ (হিউম্যান ইন্টারেকশন) না থাকায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে;
- পণ্য আমদানি-রপ্তানির ক্ষেত্রে সময় ও ব্যয় হ্রাস পাবে;
- দেশি-বিদেশী ব্যবসায়ীদের মধ্যে আস্থা সৃষ্টির মাধ্যমে বিনিয়োগ ও বাণিজ্যের প্রসার ঘটবে।

০২। প্রাথমিক পর্যায়ে সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট ইস্যুকারী ১৯টি সংস্থার মধ্যে নিম্নবর্ণিত ৭টি সংস্থার ক্ষেত্রে গত ০২/০১/২০২৫ খ্রি. তারিখে সরাসরি BSW সিস্টেমের মাধ্যমে CLP এর আবেদন দাখিল ও ইস্যু করার কার্যক্রম শুরু করা হয়েছেঃ

১. ঔষধ প্রশাসন অধিদপ্তর (DGDA);
২. রপ্তানি উন্নয়ন ব্যুরো (EPB);
৩. বিস্ফোরক অধিদপ্তর (DoEX);
৪. বাংলাদেশ ন্যাশনাল অথরিটি ফর কেমিক্যাল উইপন্স কনভেনশন (BNACWC);
৫. বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (BEZA);
৬. বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (BEPZA); এবং
৭. পরিবেশ অধিদপ্তর (DoE)।

০৩। ৩১ জানুয়ারী ২০২৫ খ্রি. তারিখের পর হতে আমদানি ও রপ্তানি পণ্যচালান শুল্কায়নের ক্ষেত্রে উক্ত ০৭টি সংস্থা কর্তৃক ইস্যুকৃত সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট Bangladesh Single Window (BSW) সিস্টেমের মাধ্যমে দাখিল বাধ্যতামূলক করা হলো। উল্লিখিত তারিখের পর কোন ধরনের ম্যানুয়াল সার্টিফিকেট লাইসেন্স ও পারমিট গ্রহণ করা হবে না।

১৪/০১/২০২৫

[মোঃ মোয়াজ্জেম হোসেন]
সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি)
জাতীয় রাজস্ব বোর্ড

**বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ভবন-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২. সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৩. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৪. সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।



CamScanner

৫. প্রিন্সিপাল স্টাফ অফিসার, প্রধান উপদেষ্টার কার্যালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।
৬. নির্বাহী সদস্য (প্রশাসন ও অর্থ), প্রধান উপদেষ্টার কার্যালয়, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ।
৭. নির্বাহী সদস্য (প্রশাসন ও অর্থ), প্রধান উপদেষ্টার কার্যালয়, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ।
৮. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও, ঢাকা।
৯. মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঔষধ ভবন, মহাখালী, ঢাকা।
১০. প্রধান বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১১. ভাইস-চেয়ারম্যান, এক্সপোর্ট প্রমোশন ব্যুরো, ১ কাওরান বাজার, টিসিবি বিল্ডিং, ১ হাতিরঝিল লিংক রোড -২, ঢাকা-১২১৫।
১২. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ, বেপজা কমপ্লেক্স, হাউস নং-১৯/ডি, রোড নং-৬, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
১৩. চেয়ারম্যান, বাংলাদেশ ন্যাশনাল অথরিটি ফর কেমিক্যাল উইপন্স কনভেনশন (BNACWC), প্রধান উপদেষ্টার কার্যালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।
১৪. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরোনো সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
১৫. ব্যবস্থাপনা পরিচালক, এফবিসিসিআই, আইকন, ৬০, মতিঝিল সি/এ, ঢাকা।
১৬. উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা [পরবর্তী গেজেটে প্রকাশের জন্য এবং গেজেটের ৫০০ (পাঁচশত) কপি প্রেরণের অনুরোধসহ]।
১৭. Executive Director, Foreign Investors Chamber of Commerce & Industry (FICCI), House# 59 (Level-04), Road#1, Block#1, Banani Dhaka-1213.
১৮. সভাপতি, ডিসিসিআই/এমসিসিআই/সিসিসিআই (এসোসিয়েশনের সদস্যদের মধ্যে বিতরণের জন্য অনুরোধ করা হলো)।
১৯. সাধারন সম্পাদক, সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন, কাস্টমস হাউস ঢাকা/আইসিডি/পানগাঁও/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা।

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. সদস্য (শুল্ক নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।
২. সদস্য (ভ্যাট পলিসি), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৩. কমিশনার, (সকল) কাস্টমস হাউস, ঢাকা/আইসিডি/পানগাঁও/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা।
৪. কমিশনার, (সকল) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা, দক্ষিণ/পূর্ব/পশ্চিম/উত্তর।
৫. প্রথম সচিব (কাস্টমস অটোমেশন), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।
৬. সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৭. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. দ্বিতীয় সচিব (কাস্টমস: আইসিটি ও এনএসডব্লিউ), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।
৯. উপ-প্রকল্প পরিচালক/সহকারী প্রকল্প পরিচালক (সকল), ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প।
১০. সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার / NPC/ FMS/ PCMC, NSW-PIU, NBR।
১১. পিএ টু সদস্য (শুল্ক রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. Project Manager, Webb Fontaine, 4th Floor, Caldwell Centre, Plot#54, Road#11, Block-C, Dhaka-1213.

CamScanner